মেহেরপুরে জেলা বিএনপির জনসমাবেশ

গত ২৯ শে জুলাই ঢাকার প্রবেশপথে বিএনপি ঘোষিত শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচিতে পুলিশ ও আওয়ামী লীগের সন্ত্রাসীদের আক্রমণ, হামলা, নির্যাতন ও গণ গ্রেপ্তারের প্রতিবাদে মেহেরপুরে জেলা বিএনপির জনসমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকালে মেহেরপুর জেলা বিএনপি কার্যালয়ের সামনে এই জনসমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের সভাপতিত্বে ও পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় জনসমাবেশে বক্তব্য রাখেন,জেলা বিএনপির সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, সহ-সভাপতি জাবেদ মাসুদ মিলটন,আব্দুর রহমান, আলমগীর খান ছাতু, জেলা বিএনপি যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম,জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ প্রমুখ।

সভাপতির বক্তব্যে মাসুদ অরুন বলেন, ‘এমপিত্ব চাইনা শেখ হাসিনার পদত্যাগ চাই। এমপি, মন্ত্রী অনেক হয়েছে। এখন সময় এসেছে বিএনপির সকল নেতৃবৃন্দের এক হওয়ার। আমি আহবান জানাই বিএনপির সকল নেতাকর্মী এক হয়ে রাজপথে নামবে।’

ক্ষমতাসীন দলকে উদ্দেশ্য করে মাসুদ অরুন আরো বলেন বলেন, ‘আপনাদের ডিএসবি, এনএসআই, গোয়েন্দা সংস্থা দিয়ে খোঁজ নিয়ে দেখুন দিনের আলোয় ভোট হলে আওয়ামী লীগ শতকরা ১০% ভোটও পাবে না। আজকের এই সমাবেশে আমি আপনাদের ভয় দেখাতে চাই না, কারণ আমি জানি প্রদীপ নিভে যাওয়ার আগে একবার দপ করে জ্বলে ওঠে। আমরা শুধু বলতে চাই ঘরে বসে কমিশনের টাকা খেয়ে যারা বিএনপির বিরুদ্ধে ষড়যন্ত্র করছেন, একটা জিনিস শুধু মনে রাখবেন যদি রাস্তায় নামতে বাধ্য করেন, যদি হাজার হাজার মানুষ নিয়ে রাস্তায় নামি, যারা আমার মানুষকে কষ্ট দিচ্ছেন, ষড়যন্ত্র করছেন লুটপাট করেছেন, আমি বলছি তাদের সকলের বাড়ি ঘর ঘেরাও করে সকল অপরাধের হিসাব নেব। আমাদের সকল নেতা আজকে ঐক্যবদ্ধ হচ্ছি, প্রতিদিন আমাদের ঐক্য বাড়ছে, আর

আপনারা হালুয়া রুটি ভাগ করতে যেয়ে দলকে সাত ভাগে ভাগ করে ফেলেছেন।’

বঙ্গবন্ধু পেশাজীবী পরিষদের মেহেরপুর সদর উপজেলা ও মুজিবনগর উপজেলা কমিটি গঠন

বঙ্গবন্ধু পেশাজীবী পরিষদের মেহেরপুর সদর উপজেলা ও মুজিবনগর উপজেলা কমিটি গঠন করা হয়েছে।

আজ সোমবার সন্ধ্যায় স্টেডিয়ামপাড়াস্থ অস্থায়ী জেলা কার্যালয়ে কমিটি গঠন উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বঙ্গবন্ধু পেশাজীবী পরিষদের জেলা শাখার সভাপতি রেহেনা মান্নানের সভপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুল মান্নান। অন্যদের মধ্যে বক্তব্য দেন মেহেরপুর জেলা পরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, আজিমুল বারী মুকুল।

আলোচনা শেষে ইমতিয়াজ হোসেন মিরনকে সভাপতি ও নাজমুল ইসলামকে সাধারণ সম্পাদক করে সদর উপজেলা কমিটি এবং আজিমুল বারী মুকুলকে সভাপতি করে মুজিবনগর উপজেলা কমিটি গঠণ করা হয়েছে। নতুন এ কমিটি আগামী তিন বছরের জন্য দায়িত্ব পালন করবেন। আাগামী এক মাসের মধ্যে পুর্ণাঙ্গ কমিটি গঠন করে অনুমোদন নেওয়ার কথা বলা হয়েছে।

গাংনীতে একই মঞ্চে আওয়ামীলীগ-বিএনপি নেতৃবৃন্দ

মহাসমাবেশ ও শান্তি সমাবেশকে ঘিরে যখন রাজধানীসহ বিভিন্ন জেলা- উপজেলায় চলছে সংঘর্ষ, সহিংসতা, বাসে আগুন দেওয়া হয়েছে। তখন মেহেরপুরের গাংনীতে একই মঞ্চে মিলিত হলেন আওয়ামী লীগ, বিএনপি ও জাতীয় পার্টির নেতারা। এক মঞ্চে বসে তারা অঙ্গীকার করলেন সহিংসতার পথে না গিয়ে মেনে চলবেন নির্বাচনী আচরণ বিধি।

দি হাঙ্গার প্রজেক্ট গাংনী উপজেলা শাখা সব রাজনৈতিক দলের নেতাদের এক মঞ্চে বসার আয়োজন করে।

মঞ্চে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক প্রচার ও প্রচারনা সম্পাদক প্রভাষক মহিবুর রহমান মিন্টু, পৌর আওয়ামীলীগের সাস্কৃতিক সম্পাদক আজিজুল হক রানু, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু, আল্পনা আক্তার। গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও উপজেলা পরিষদের সাবেক ভাইসচেয়ারম্যান জুলফিকার আলী ভূট্টো, জেলা বিএনপির নেতা আব্দাল হক। জাতীয় পার্টির গাংনী উপজেলা শাখার সাধারণ সম্পাদক আব্দুল লতিব উপস্থিত ছিলেন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পিএফজির সমন্বয়ক প্রভাসক রফিকুল ইসলাম বকুল, করমদী ডিগ্রী কলেজের প্রভাসক এএসএম সায়েম পল্টু, বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক প্রমুখ।

গতকাল রবিবার দুপুরে দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া অফিসে এই আয়োজন করা হয়।

এসময় দি হাঙ্গার প্রজেক্টের প্রোগ্রাম অফিসার গিয়াস উদ্দীন, গাংনী এরিয়া অফিসের সমন্বয়ক হেলাল উদ্দীন উপস্থিত ছিলেন। উপস্থিত নেতৃবৃন্দ বলেন, জাতীয় পর্যায়ে যাই হোক আমরা স্থানীয়ভাবে শান্তিপূর্ণ অবস্থান তৈরী করবো। সহিংসতা পরিহার করে শান্তিপূর্ণ অবস্থানে থাকবো।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের একাংশের বিক্ষোভ মিছিল

সারাদেশে বিএনপি জামায়াতের নৈরাজ্যের প্রতিবাদে মেহেরপুর জেলা আওয়ামীলীগের একাংশের উদ্যোগে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলীর নেতৃত্বে একটি বিক্ষোভ মিছিল মেহেরপুর সদর উপজেলা পরিষদ থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে মেহেরপুর কমিউনিটি সেন্টারে এসে শেষ হয়।

এসময় মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি ও সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল, মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটনসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মিছিল শেষে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে জেলা আওয়ামীলীগের বিক্ষোভ মিছিল

সারাদেশে বিএনপি জামায়াতের নৈরাজ্যের প্রতিবাদে মেহেরপুর জেলা আওয়ামীলীগের উদ্যোগে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

এদিকে একই দাবীতে একটি বিক্ষোভ মিছিল জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের বাড়ি থেকে শুরু হয়ে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ

খালেক, জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহীম শাহিন, জেলা আওয়ামীলীগের আইন বিষয়ক সম্পাদক ও পিপি অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, পৌর আওয়ামীলীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, জেলা আওয়ামীলীগের সদস্য মিজানুর রহমান হিরন, স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলাম সোবহান, সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন উপস্থিত ছিলেন।

মিছিল শেষে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ জেলা আ’লীগ কার্যালয়ে স্মার্ট কর্নারের উদ্বোধন

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ কার্যালয়ে স্মার্ট কর্ণার উদ্বোধন করা হয়েছে। আজ রবিবার (৩০ জুলাই) সকালে জেলা আওয়ামী লীগ কার্যালয়ে বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাচনী পরিচালনা কমিটির কো- চেয়ারম্যান, সাবেক মন্ত্রী পরিষদ সচিব কবির বিন আনোয়ার এই উদ্বোধন ঘোষণা করেন।

উদ্বোধন শেষে জেলা শিল্প কলা একাডেমিতে জেলা আওয়ামী লীগের আয়োজনে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি’র সভাপতিত্বে এবং জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে সাবেক মন্ত্রী পরিষদ সচিব কবির বিন আনোয়ার বক্তব্য রাখেন। এসময় জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ সভাপতি সাবেক এমপি শফিকুল অপু ও জেলা আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ স্বেচ্ছাসেবক লীগ, কৃষকলীগের নেতৃবৃন্দসহ অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি আগামী জাতীয় সংসদ নির্বাচনের আওয়ামী লীগকে বিজয়ী করার বিভিন্ন কৌশল এবং নারী পুরুষকে সমভাবে আওয়ামী লীগের কর্মসূচীতে অংশ গ্রহনের আহবান জানান।

মেহেরপুরে জেলা যুবলীগের একাংশের লিফলেট বিতরণ

সরকারের উন্নয়ন ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের মেহেরপুরে উন্নয়নের চিত্র তুলে ধরতে মেহেরপুরে জেলা যুবলীগের একাংশের লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার ২৯ জুলাই বিকালে সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের সোনাপুর গ্রামে জনসাধারণের মাঝে এ লিফলেট বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুলের নেতৃত্বে লিফলেট বিতরণে অংশ নেন সদর উপজেলা যুবলীগের সভাপতি মোহাম্মদ আনোয়ার হোসেন আনু, শহর যুবলীগের সভাপতি শেখ কামাল,সাধারণ সম্পাদক তৌহিদুল ইসলাম,যুবলীগ নেতা নাসির আহমেদ, পিরোজপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি ও ইউপি সদস্য ইসকান্দার মাহবুদ বিপ্লব, ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মোঃ কুতুব উদ্দিন বিশ্বাস প্রমুখ।

দামুড়হুদায় হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের মতবিনিময় সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বেলা সাড়ে ৫ টার দিকে ওয়ার্ড আওয়ামী লীগের আয়োজনে ডুগডুগি বাজারে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

হাউলী ইউনিয়ন ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মো: আকবার

বিশ্বাস এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মো আলী আহাম্মেদ সোনা, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি সিরাজুল ইসলাম, ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আদিল হোসেন, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আসাদুজ্জামান সেলিম, সহ-সভাপতি আনন্দ ঘোষ, যুগ্ম সাধারণ সম্পাদক মিন্টু হোসেন নেদু, সাংগঠনিক সম্পাদক সবুজ হোসেন, আওয়ামী লীগ নেতা বাবলু মিয়া, এসময় আরও উপস্থিত ছিলেন, ৯ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আব্দুর রহমান, সাধারণ সম্পাদক ইয়াসিন আলী খোকন, ৫ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শাজাহান আলী, হাউলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি হাসেম আলী, যুবলীগ নেতা জহুরুল ইসলাম ফকির, হাউলী ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান, প্রচার সম্পাদক কামরুল ইসলাম মিফতা, যুবলীগ নেতা শরিফ, ওয়াসিম ঘোষ, হাউলী ইউপি সদস্য আব্দুল হান্নান পটু, শহিদুল ইসলাম, রিকাত আলী, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ সহ স্থানীয় আওয়ামী লীগ যুবলীগ ও ছাত্র লীগের নেতাকর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মিন্টু হোসেন নেদু’র সার্বিক তত্বাবধানে অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন ছাত্র লীগের যুগ্ম আহবায়ক রায়হানুল ইসলাম।

গাংনীতে ছাত্রলীগের বিক্ষোভ মিছিল

ঢাকাসহ সারাদেশে বিএনপি ও জামায়াতের নৈরাজ্যের প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রলীগের গাংনী উপজেলা শাখা।

আজ শনিবার (২৯ জুলাই) বিকেল ৫ টার দিকে গাংনী উপজেলা শহরে এই বিক্ষোভ মিছিল করা হয়।

মিছিলে নেতৃত্ব প্রদান করেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল।

এসময় উপস্থিত ছিলেন গাংনী ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম হোসেনসহ ছাত্রলীগের নেতৃবৃন্দ।

মেহেরপুরে প্রফেসর আবদুল মান্নান গণসংযোগ অব্যহত

বীর মুক্তিযোদ্ধা সাবেক সাংসদ প্রফেসর আবদুল মান্নান বিভিন্ন গ্রামে গনোসংযোগ অব্যহত রেখেছেন।

গতকাল বুধবার মেহেরপুর সদর উপজেলার আমদহ, সিংগাড়া মোর,আশরাফপুর, ভবানন্দপুর, সাহেবপুর, ইসলামপুর, ব্রীজমোড়, কমরপুর, রায়পুর গণসংযোগ করেন বিভিন্ন স্থানে গনোসংযোগ করেন।

উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগ সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক খালেদুজ্জামান খান ডালিম মির্জা গালিব উজ্জ্বল, রাশেদুজ্জামান সুজন, আবু তালহা বিন হাবিব জুয়েল, মোঃ ইয়ারুল ইসলাম-, সাজেদুর রহমান সাজু, নয়ন আহামেদ, মিরাজুল ইসলাম, শেরেফুল ইসলাম, শেখ কায়সার হামিদ বুলবুল, রবিউল ইসলাম, মতিয়ার, বাবু, আসাব, রাজু আহমেদ, মঈন, বকুল প্রমুখ ।